



নভেল করোনা ভাইরাস (COVID-19)

আপনাদের সহায়তা করতে আমাদের সহযোগিতা করুন

স্কুল নির্দেশিকা

- স্কুল চলাকালীন কোনো বড় জমায়েত হবে এমন যেকোনো অনুষ্ঠান থেকে বিরত থাকতে নির্দেশ দেওয়া হচ্ছে।
- স্কুলের যেকোনো ছাত্রছাত্রী অথবা কর্মী গত ২৮ দিনের মধ্যে কভিড-১৯ কবলিত দেশ থেকে ফিরলে বা COVID-19 আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে এলে তাকে/ তাদেরকে ১৪ দিন ন্যূনতম পর্যন্ত আলাদা করে পর্যবেক্ষণে রাখতে হবে।
- কোনো ছাত্রছাত্রীর মধ্যে জ্বর, সর্দি, কাশি এবং শ্বাসকষ্টের লক্ষণ দেখা গেলেই অবিলম্বে অভিভাবকদের চিকিৎসকের পরামর্শ গ্রহণের ব্যাপারে জানানোর জন্য শ্রেণীশিক্ষকদের নির্দেশ দেওয়া হচ্ছে।
- চিকিৎসা চলাকালীন / চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ছাত্রছাত্রীদের বিদ্যালয়ে পাঠাতে হবে। এ ব্যাপারে অভিভাবকদের অবহিত করানোর দায়িত্ব পালন করতে হবে।
- শিক্ষকবৃন্দ, ছাত্রছাত্রী এবং সকল কর্মীদের এই মর্মে নির্দেশ দেওয়া হচ্ছে যে তাঁরা যেন সাধারণ জন-স্বাস্থ্যবিধি মেনে চলেন।

হাত ধোওয়া :

হাত বাইরে থেকে পরিস্কার দেখালেও বারংবার সাবান ও পর্যাপ্ত জল দিয়ে ধোওয়া দরকার অথবা অ্যালকোহলযুক্ত হ্যান্ড- স্যানিটাইজার ব্যবহার করা দরকার ।

শ্বাস-প্রশ্বাস জনিত স্থ্যবিধি :

হাঁচি- কাশির সময় রুমাল, টিস্যু পেপার নিদেনপক্ষে ফুলহাতা জামার হাত দিয়ে মুখ আড়াল করতে বলা হচ্ছে এবং প্রতিবার হাঁচি- কাশির পর হাত ভালো করে ধুয়ে নিতে হবে।

অযথা খোলা হাতে চোখ, নাক ও মুখে হাত দেওয়া থেকে বিরত থাকতে বলা হচ্ছে ।

হাঁচি- কাশির সময় ব্যবহৃত টিস্যু পেপারগুলো সুনির্দিষ্ট ওয়েস্টবিনে ফেলুন ।

বহুব্যবহারের জিনিস যেমন- দরজার হাতল/ কড়া, সুইচ ও সুইচবোর্ড, টেবিল, চেয়ার ও সিঁড়ির হাতল ইত্যাদি স্থানগুলোকে পরিষ্কার পরিচ্ছন্ন ও জীবানুমুক্ত রাখতে বলা হচ্ছে।

- স্কুলের মধ্যে যে সমস্ত স্থানে বেশি যাওয়া হয় সেখানে অ্যালকোহলযুক্ত হ্যান্ড- স্যানিটাইজার রাখার অনুরোধ করা হচ্ছে ।
- স্কুলের বিশ্রামক্ষে পর্যাপ্ত সাবান ও জলের ব্যবস্থা রাখা দরকার ।
- শ্রেণীক্ষে ও শৌচালয়ে পা-দিয়ে খোলা যায় এমন ময়লা রাখা ঢাকনা দেওয়া বিনের ভিতর প্লাস্টিক আবৃত করে ব্যবহার করা দরকার ।
- ছাত্রাবাসে ছাত্র ও কর্মীদের শারীরিক অবস্থা ধারাবাহিকভাবে পর্যবেক্ষনে রাখা দরকার এবং কোনো সন্দেহজনক উপসর্গ দেখা দিলে স্বাস্থ্যপরীক্ষার জন্য স্বাস্থ্যদপ্তরের অনুমোদিত স্থানীয় স্বাস্থ্যকেন্দ্রের সাহায্যে গ্রহন করা দরকার।
- জ্বর, সর্দি, কাশি এবং শ্বাসকষ্টের লক্ষন দেখা দিলে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্যদপ্তরের হেল্পলাইন নম্বরে ফোন করুন অথবা মাস্ক ব্যবহার করে
- স্থানীয় স্বাস্থ্যকেন্দ্রে পরিষেবা গ্রহন করুন ।

বিশদ পরামর্শের জন্য পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্যদপ্তরের হেল্পলাইন নম্বর :

০৩৩-২৩৪ ১২৬০০, ১৮০০৩১৩৪৪৪২২২- এ যোগাযোগ করুন।